যুগান্তর

তারিখ 19 MAY 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# ছাত্রী উত্ত্যক্তকারীদের পক্ষে জাবি ছাত্রলীগের একাংশের মানববন্ধন

## সাধারণ শিক্ষার্থীদের বিক্ষোভ

**জাবি প্রতিনিধি**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ছাত্রী উত্ত্যক্ত করার ঘটনায় মারধরের শিকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের শিক্ষার্থীদের বাঁচাতে মানববন্ধন করেছে ওই হলের ছাত্রলীগ কর্মীদের একাংশ। সোমবার দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ে শহীদ মিনারের পাদদেশে এ মানববন্ধনে তারা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলের বিচার দাবি করেন। এদিকে বিকাল সাড়ে ৪টার দিকে ছাত্রী উত্ত্যক্তকারীদের দ্রুত বিচার দাবিতে বিক্ষোভ মিছিল করেছে শতাধিক শিক্ষার্থী। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে বিক্ষোভ মিছিলটি বিশ্ববিদ্যালয়ের পরিবহন চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়কগুলো প্রদক্ষিণ শেষে ভিসির বাসভবনে গিয়ে ভিসির কাছে স্মারকলিপি প্রদান করে। এর আগে ভূগোল ও পরিবেশ বিভাগের প্রথম বর্ষের এক ছাত্রী তাকে উত্ত্যক্ত করার অভিযোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৬ ছাত্রের নামে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অফিসে অভিযোগ দায়ের করেছেন।
অন্যদিকে ওই ৬ শিক্ষার্থীকে অকারণে মারধর করা হয়েছে দাবি করে ওই হল শাখা ছাত্রলীগের কয়েকজন জাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেলের বিচার চেয়ে প্রক্টরের কাছে অভিযোগ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. তপন কুমার সাহা দুটি অভিযোগই পেয়েছেন বলে যুগান্তরকে জানিয়েছেন। তিনি বলেন, দুটি অভিযোগেই তারিখ দেয়া আছে রোববারের। তবে আমি পেয়েছি আজ (সোমবার) দুপুরে।

প্রসঙ্গত, শনিবার রাত সাড়ে ৯টার দিকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল ফজিলাতুন্নেসা হলের পাশের রাস্তা দিয়ে রিকশায় তার কাজিনকে নিয়ে যাচ্ছিলেন। এ সময় তার কাজিনকে উদ্দেশ করে কটূক্তি করায় আল-বেরুনী (সম্প্রসারিত ভবন) ও শহীদ সালাম বরকত হল শাখা ছাত্রলীগের নেতাকর্মীরা উত্ত্যক্তকারীদের পিটিয়ে আহত করে। মারধরের শিকার ছাত্ররা হলেন— বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ৪৩তম ব্যাচের শিক্ষার্থী ফিরোজ (দর্শন), বিপ্লব (বাংলা), অনিক (ইতিহাস), জামি (নৃবিজ্ঞান) ও বাঁধন। তবে মারধরের শিকার ছাত্ররা তাদের বিরুদ্ধে করা অভিযোগ অস্বীকার করে সাংবাদিকদের জানান, আমরা তাকে (রাজিব আহমেদ রাসেল) সালাম দেইনি বলে তিনি তার নেতাকর্মীদের দিয়ে আমাদের পিটিয়েছেন।